
রোজ রায়
গোবর
গাড়ির
হেড
লাইট

প্রথম প্রকাশ : ১৯৭১
দ্বিতীয় সংস্করণ : ১৯৭৮
তৃতীয় সংস্করণ : ১৯৮৮
প্রকাশক : রুনু বন্দ্যোপাধ্যায়
অপেরা ॥ ৬৫, সূর্য সেন স্ট্রীট, কোলকাতা ৭০০ ০০৯
মুদ্রাকর : বাদল পাখিরা
নিউ শ্রীমা প্রেস ॥ ৬৯এ, ডব্লু. সি. ব্যানার্জী স্ট্রীট, কোলকাতা ৭০০ ০০৬
প্রচ্ছদ : গৌতম রায়
প্রচ্ছদ মুদ্রণ : রাজা প্রিন্টার্স ॥ কোলকাতা ৭০০ ০০৯
ব্লক : বিনয় ব্যানার্জী ॥ কোলকাতা ৭০০ ০০৯
প্রুফ্ : গোপাল আদক

পরিকল্পনা : সজনীকান্ত বন্দ্যোপাধ্যায়

হুম RS. 25/-

① [First script]

উৎসর্গ

বন্ধুবর
বিশ্ববরেণ্য যাদুকর
পি. সি. সরকার [জুনিয়র]
হৃদকমলে

[[redacted]]

RAHUL GANGULY

নাট্যকারের প্রকাশিত নাটকাদির কয়েকটি

অউরঙজীবের শরাব খতম : সুপ্তোত্থিত রক্তের সানাই

সর্বার্থসাধক বিদ্যালয়

এই মরেছে

হুল

বাঁশ

বাঙ্‌লা নাটকে বিদেশি প্রভাব

□

পরবর্তী নাটক

শম্ভুমিত্র

নাট্যকার কৃতজ্ঞ যাঁদের কাছে

সজনীকান্ত বন্দ্যোপাধ্যায়

অসীমা চক্রবর্তী

তপন চক্রবর্তী

গোরুর গাড়ির হেডলাইট

নটসেনা নিবেদিত

কত-কত রজনী অতিক্রান্ত

কেলেংকারিয়াস—ল্যাকডিভোরিয়াস

আগাপাশতলা ফাটাদম হসির নাটক

□

রচনা ও চালনা ॥ সরোজ রায়

□

আলোক প্রক্ষেপণ

বিশ্বনাথ দে, দিলীপ মিত্র, সুরজিৎ সেনগুপ্ত, সুধাংশু মিত্র,
মহীতোষ চক্রবর্তী

□

মঞ্চসজ্জা ॥ দেবব্রত ভট্টাচার্য ও সুরজিৎ সেন

□

অনুগসংগীত-সংকলন ও শব্দ প্রক্ষেপণ ॥ অম্বর রায়

□

রূপসজ্জা ॥ সুধীর দাস ও নির্মল চ্যাটার্জী

□

নেপথ্যকর্মী ॥ প্রসাদ কুমার ও সতীশ চৌধুরী

অভিনয়ে

- স্বাবলম্বী ঘোষ

  নিত্য চক্রবর্তী, দেবদাস গাঙ্গুলী, বিশ্বজিৎ দত্ত, তুলসী দাস, সুব্রত নন্দী, উদ্বয়ন চক্রবর্তী

- ইত্যাদি ব্যানার্জী

  অচ্যুৎ বসু, রামপদ দে, অক্ষয় দাস, সুব্রত নন্দী, অজিত দাস

- অতএব সান্যাল

  সুব্রত নন্দী, সরোজ রায়

- উত্তমবাক দত্ত

  প্রভাস পাল, দেবব্রত ভট্টাচার্য

- রোমিও বটব্যাল

  সুব্রত নন্দী, অসিত বসু রায়, দীপংকর চক্রবর্তী

- হঠাৎ মুখার্জী

  সরোজ রায়, সুব্রত নন্দী, সুধীর দাস

- আনন্দবাজার বসু

  নিত্য চক্রবর্তী, সুব্রত নন্দী, দিলীপ নাথ

- জুলফি জোয়ারদার

  অমরেশ বাড়ৈ, সুব্রত নন্দী

- লটকা তরফদার

  সত্যব্রত ঘোষ, সুব্রত নন্দী, সোমনাথ মুখার্জী, দিলীপ বণিক

- চন্দ্রবদন রায়

  রাধারমণ ঘোষ, সত্য চট্টোপাধ্যায়, হীরক চট্টোপাধ্যায়, অজিত দাস, সুব্রত নন্দী, নিত্য চক্রবর্তী, প্রভাস পাল

- চুমকি চ্যাটার্জী

  রূপালী মুন্সী, অনন্যা নাগ, মালবিকা মিত্র, দীপ্তি সেনগুপ্তা, রীতা বর্মা, সঞ্চিতা মুখার্জী, কাকলী দত্ত গুপ্ত, শুক্লা পাল, রুণা রাহা, মুনমুন ভট্টাচা

ভূমিকা

□

দর্শক ॥ ২৭ বর্ষ ॥ ২২ সংখ্যা ॥ ১৩৯৪ ॥ ১৯৮৭

"গত বাইশে এপ্রিল রবীন্দ্রসদন মঞ্চে নটসেনা প্রযোজিত গোরুরগাড়ির হেডলাইট নাটকটি দেখার সৌভাগ্য হলো। নাটকটির আদি অন্ত ছড়িয়ে আছে একটি অনাবিল হাসির ফোয়ারা। দমফাটানো হাসি। হাসির দমকে দমকে দর্শক যেন স্প্রিংয়ের পুতুল। কখনো নিজের আসন ছেড়ে হঠাৎই লাফিয়ে ওঠেন। কখনো আসনে বসে গড়িয়ে পড়েন এপাশে-ওপাশে, এর গায়ে—ওর গায়ে। আনন্দের আতিশয্যে দিশেহারা। নাট্যকার ও নির্দেশক প্রথানুগ ছক ভেঙ্গে প্রচলিত রীতিনীতি ভেঙ্গে নাটককে দিয়েছেন নতুন গতি। নতুন ডাইমেনশন। বিভিন্ন ভঙ্গীতে নাটকের ফর্ম ভাঙ্গতে ভাঙ্গতে তিনি তাঁর সৃষ্টির শরীরে দিয়েছেন হাস্যরসাত্মক নাটকের সার্থকতম রূপ। শেষে ব্যঙ্গ-কৌতুকে ভরপুর একটি সুস্থ ও সুষ্ঠ নাটক।

বাংলা নাটক বহুদিন ধরে একঘেঁয়েমি গতানুগতিকতা ও নিয়মমাফিকতার আময়ে ভুগছে। সরোজ রায় যদি তাঁকে নিরাময় করে তোলার দায়িত্ব গ্রহণ করেন তবে খুশী হব। বাংলা রঙ্গমঞ্চকে এমন একটি সার্থক নাটক উপহার দেওয়ার জন্য নাট্যকার, নির্দেশক ও অভিনেতা সরোজ রায়কে এবং নটসেনার প্রতিটি সদস্যকে দর্শকের তরফ থেকে অভিনন্দন জানাই।"

সমালোচককে অমেয় ধন্যবাদ—আমাদের নাটক এবং পরিবেশনাকে সদর্থে ধরতে পেরেছেন তিনি।

ব্রতচারী বিদ্যাশ্রম
জোকা
পিন ॥ ৭৪৩৫১২

সরোজ রায়
জানুয়ারী ২৩, ১৯৮৮

সবাই আছে

Rahul Ganguly

গোরুরগাড়ির হেডলাইট

॥ চ রি ত্র ॥

স্বাবলম্বী ঘোষ	1
ইত্যাদি ব্যানার্জী	2
অতএব সান্যাল	3
উত্তমবাক দত্ত	4
রোমিও বটব্যাল	5
হঠাৎ মুখার্জী	6
আনন্দবাজার বসু	7
জুলফি জোয়ারদার	8
লটকা তরফদার	9
চন্দ্রবদন রায়	10
চুমকি চ্যাটার্জী	11

গোরুরগাড়ির হেডলাইট

5

● প্রথম দৃশ্য ●

(প্রথম পর্দা উঠবে। দ্বিতীয় পর্দা নামানো)

[পর্দার সামনে স্বাবলম্বী হাসিমুখে দাঁড়িয়ে।]

স্বাবলম্বী। তিরস্কার। না, নমস্কার। আপনাদের সঙ্গে অনেকদিন পর দেখা। আশা করি স্ত্রী-পুত্র ইত্যাদি নিয়ে ভালোই আছেন। আমিও খারাপ ছিলুম না, ভালোই ছিলুম। কিন্তু হঠাৎ গত অমাবস্যায় আমার অভিনেত্রী স্ত্রী আমাকে অনাথ করে ধুমধামের সঙ্গে ইহধাম ত্যাগ করেছেন। তাঁর শেষ কেচ্ছা ছিল, না—ইচ্ছা ছিল নতুন নতুন প্রতিভার সন্ধান করে একটা থিয়েটারের কল তৈরী করা, সরি, দল তৈরী করা। তাঁর কথামতই আমি কাগজে বিজ্ঞাপন দিয়েছিলুম। আর তাতেই সাড়া পেয়েছি ভূত, প্রভূত। আপনারা আজকালকার দর্শক, আপনারা বরবাদ করুন, না আশীর্বাদ করুন—যাতে এঁদের সকলকে নিয়ে আমি হেলায় ভেলা ভাসাতে পারি। ···এবার আসুন—আপনাদের সঙ্গে আলাপ-সালাপ করিয়ে দিই।

* [দ্বিতীয় পর্দা খোলে। মহলাকক্ষ। সদস্যবৃন্দ উপস্থিত।]

ইনি হলেন শ্রীযুক্ত ইত্যাদি ব্যানার্জী, যাঁর লেখা বিপ্লবাত্মক নাটক 'যে প্রেম মুড়ি-মুড়কির মত বাজারে' আমরা মঞ্চস্থ করবো।

* দ্বিতীয় পর্দার পেছনে Set থাকবে, একটা জানলা সহ Wall, পেছনে সাইড। একটা center table. দুটো chair. একটা Bench। কয়েকটা চেয়ার।

ইত্যাদি। আজ্ঞে হ্যাঁ—আমার একটি মিষ্টান্নের দোকান আছে, সেটা চালিয়ে টালিয়ে যেটুকু সময় পাই—নাটক লিখি আর কি, দেখবেন, আমার নাটকে রসগোল্লার রসও পাবেন, কচুরির শুক্তাও পাবেন। আসলে মিষ্টির দোকানটা খুব মার খাচ্ছে···তাই ভাবলুম নাটক-টাটক লিখে যদি কিছু হয়—মানে অনেকেই তো এ লাইনে করে খাচ্ছে।

স্বাবলম্বী। ইনি অতএব সান্যাল, আমাদের নাটকে ডিরেকসন্ দেবেন।

অতএব। গুডমর্নিং এভ্রিবডি জ—গুডমর্নিং মিষ্টার ঘোষ। হ্যাভ আই নো নেম্ এ্যাজ্ ডিরেকটার—তবু আমিই একমাত্র বাঙ্গালী ডিরেক্টার—ইংরেজি ভাষায় ডিরেকসন দিয়ে থাকি। যদিও ইংরেজি আমার ব্লাডে, নাটক আমার মুঠোর মধ্যে ফিংগারের মধ্যে—তবু আপনারা আমাকে একটু হেল্প করবেন।

উত্তমবাক। আমরা তো হেল্প করবার জন্যেই এসেছি।

স্বাবলম্বী। ইনি হলেন উত্তমবাক দত্ত।···আপনি যেন কী ধরণের চরিত্রে অভিনয় করতে অভ্যস্ত?

উত্তমবাক। কুকুর লেজ নাড়ে, কারণ লেজের চেয়ে কুকুরের জোর বেশী। যদি কুকুরের চেয়ে লেজের জোর বেশী হতো, তাহলে লেজই কুকুরকে নাড়তো।

স্বাবলম্বী। সাজাহান নাটক থেকে বললেন?

উত্তমবাক। ইয়েস। দিলদার টাইপের পার্ট পেলে আমি একেবারে জ্বালিয়ে দোবো।

স্বাবলম্বী। এবার আসুন। এঁর নাম রোমিও বটব্যাল।···এই যে,

আপনারা কেউ হাসলেন?···তাহলে আমিই বোধহয় ভুল শুনেছি।

রোমিও। কিংবা আমার নাম শুনে হাসছেন—হাসুন, ক্ষতি নেই। সারা বিশ্ব আমায় ল্যাং মেরেছে, তার তুলনায় আর সকলে তো ছুঁচো।

হঠাৎ। আপনি কি আমাদের লক্ষ্য করে কোন গালাগাল দিচ্ছেন?

অতএব। যাত্রা করে নাকি?

ইত্যাদি। যাত্রা করে মনে হচ্ছে।

উত্তমবাক। এই যে দাদা যাত্রাওলা—

হঠাৎ। কে তুমি অর্বাচীন, আমাকে যাত্রাওলা বলার মত সাহস এলো কোত্থেকে?

স্বাবলম্বী। লাইসেন্স। সাইলেন্স প্লীজ! এঁর নাম হঠাৎ মুখার্জী। যাত্রায় ভিলেন চরিত্র করে প্রচুর সুনাম বর্জন, না অর্জন করেছেন। এঁর অভিনয়ে প্রচুর কাজ আছে।

হঠাৎ। হ্যাঁ—একবার আসানসোলের আসরে সোনাই দীঘি হচ্ছিল—আমি যখন সোনাইকে ধ'রে নিয়ে বেরিয়ে যাচ্ছি—উত্তেজিত জনতা আমাকে ঘিরে ফেলেছিল, তারপরে অবশ্য—

স্বাবলম্বী। আপনি একটু বসুন। ইনি হচ্ছেন শ্রীযুক্ত আনন্দবাজার বসু। আমাদের নাটকে নায়ক চরিত্রে রূপ দেওয়ার জন্যে নির্বাচিত হয়েছেন। এই যে, আপনারা কেউ হাসলেন? তাহলে আবার বোধহয় ভুল শুনেছি।

আনন্দবাজার। কিংবা আমি নায়ক হবো, এটা ওদের পছন্দ নয়।

উত্তমবাক। আমার সঙ্গে হু-হু-হু—

হঠাৎ। কি হু-হু করছেন—চুপ করুন।

উত্তমবাক। হু-হু নয়, হুবহু মিলে গেল।

আনন্দবাজার। কারো পছন্দ হোক্ না হোক্, নায়ক ছাড়া অন্য কোন চরিত্র আমি করবোই না।

উত্তমবাক। সেটা ডিরেক্টার বুঝবে !...কিছু মনে করবেন না, আমি দুঃ-দুঃ-দুঃ—

রোমিও। ধ্যাত্তেরি দুঃ দুঃ—

উত্তমবাক। দু দু নয়—দুঃখিত।

ইত্যাদি। ছোকরা তো বেজায় তোৎলা !

অতএব। একে দিয়ে কী পার্ট করাবো, তাই ভাবছি—থিংকিং হোয়াট্ পার্ট উইল্ হি ডু ?

স্বাবলম্বী। ওসব সংবিধান—সমাধান হয়ে যাবে। যাক্‌গে শুনুন—এখানে উপস্থিত আর দু'জন সদস্য রয়েছেন। উনি হলেন—

জুলফি। জুলফি জোয়ারদার। ফাইভ ইয়ার্স প্ল্যানে বি. এ. পাস করবার পর শ্লা এ্যাক্টিং লাইনে চলে এলুম।

স্বাবলম্বী। আর উনি হলেন—

লটকা। শ্রীশ্রী লটকা তরফদার। আমাদের এ্যাক্টিং-এ শ্লা লোড-শেডিং নেই। আমি ডি. সি.—

জুলফি। আমি এ. সি.।

লটকা। ডি. সি. ফেল্ তো—

জুলফি। এ. সি. চালু। শ্লা এ্যাক্টিং যা করবো না, একেবারে চকাচক্।

লটকা। শ্লা হাততালিতে মেয়ে পুরুষ এক্‌সা হয়ে যাবে।

জুলফি। তবেই না পে-লে-এ।

লটকা। কী ডিরেক্টারসাব—দেখে মনে হচ্ছে না, শ্লা মাল্ একেবারে লাইনের আছে !

অতএব। আমি কি বলবো বাবা ! হোয়াট্ আই স্পে ফাদার !

জুলফি। হাঁ, এ্যায়সা বোলো। বেশী হাউচাউ করলে ঝাড় খেয়ে যাবে।

স্বাবলম্বী। আমরা তাহলে এখন আসি। এসো ইত্যাদি। আসুন অতএববাবু, ছেলে ছোকরারা একটু গল্প করুক।

অতএব। হ্যাঁ-হ্যাঁ, গল্প করুক। ডু স্টোরি, ডু স্টোরি।

[স্বাবলম্বী অতএব ইত্যাদির প্রস্থান।]

উত্তমবাক। তিনজন তিনরকমের। কারও সঙ্গে কারোর মি-মি—

আনন্দবাজার। মিল নেই।

উত্তমবাক। কারেক্ট। মিল নেই।

হঠাৎ। মিল থাকুক, আর না থাকুক—আমরা যখন স্বাবলম্বীবাবুর উদ্দেশ্য সফল করার জন্যে মিলিত হয়েছি, তখন যে পাষণ্ড আমাদের বাধা হয়ে দাঁড়াবে তাকেই এই অন্ধকার কারাগৃহে নিক্ষেপ করা হবে।

আনন্দবাজার। আচ্ছা মিস্টার মুখার্জী, আপনি গলার স্বর তৈরী করলেন কি করে ?

হঠাৎ। প্রথমে একটা ছোটো হাঁড়ির মধ্যে মুখ গলিয়ে রোজ দু'ঘণ্টা ক'রে দু'মাস গলা সেধেছি। তারপর একটা বড় হাঁড়ির মধ্যে মাথা ঢুকিয়ে চারমাস সারে-গা-মা করেছি। এইভাবে গলার আওয়াজ যখন বিকট হয়ে গেল, তখন—

আনন্দবাজার। যখন বিকট হয়ে গেল, তখন কী হলো ?

হঠাৎ। বলতে আপত্তি নেই, কিন্তু সাবধান! বাইরের কেউ যেন জানতে না পারে—বিশেষ করে গোরুর ডাক্তারেরা।...যখন গলার আওয়াজ বিকট হয়ে গেল তখন তাকে সুরে বাঁধবার জন্যে একদিন রাত বারোটার সময়—

লটকা। কী দাদা—অত ব্রেক মারছেন কেন ?

জুলফি। দাদা, নাটকের ক্লাইমেক্স তুলছে রে, চেপে যা।

হঠাৎ। বারোটার সময় এক কেজি দুধ নাইলনের গেলাসে নিয়ে আকাশের দিকে তাকিয়ে ঢকঢক করে খেয়ে ফেললাম।

আনন্দবাজার। আকাশের দিকে তাকিয়ে এক কেজি দুধ খেতেই গলা বাঁধা হয়ে গেল ?

রোমিও। আপনারা বুঝতে পারবেন না। বোঝা কষ্টকর। সেই দুধটা কিসের জানেন ?

আনন্দবাজার। না।

উত্তমবাক। কী করে জানবো !

জুলফি। কি রে লটকা জানিস ?

লটকা। নারে।

রোমিও। বগ্‌না ব্যাঙের দুধ।

উত্তমবাক। বগ্‌না ব্যাঙ ?

হঠাৎ। আপনি জানলেন কি করে ?

রোমিও। আপনি নিশ্চয় এটা আফগানিস্তান থেকে আমদানি করেছেন ?

হঠাৎ। হ্যাঁ—।

রোমিও। আমি যখন আফগানিস্তানে ছিলাম—

উত্তমবাক। যা ব্বাবা! এর মধ্যে আবার আ-আ—

রোমিও। আফগানিস্তান।

উত্তমবাক। থ্যাংকিউ।

আনন্দবাজার। আচ্ছা রোমিওবাবু, আপনি তো হিল্লি দিল্লী অনেক ঘুরেছেন—স্বাবলম্বীবাবুকে আপনার কেমন মনে হলো ?

রোমিও। মিস্টার ঘোষের মত এমন উদার মানুষ মাত্র কয়েকজন চোখে পড়েছে। আমি যখন ভিয়েনায় অভিনয় করতে গিয়েছিলাম সেখানে এমনি একজনকে দেখেছিলাম—আমি যখন হংকং-এ ছিলাম সেখানে নজরে পড়েছিল এমনি একটি গ্রেট হার্ট। আমি যখন আন্দামানে প্লে করবার জন্যে ল্যাণ্ড করেছিলাম কিংবা আমি যখন রাঁচিতে গিয়েছিলাম—

উত্তমবাক। রাঁচিতে ?

রোমিও। গিয়েছিলাম—

উত্তমবাক। না-না পাঠিয়েছিল।

রোমিও। দেখেছিলাম এইরকমই একজনকে।

উত্তমবাক। যাঁদের দেখেছিলেন তাঁরা সব আপনার রিলেটিভ্‌ বুঝি ?

রোমিও। না। তাঁরা সবাই মিস্টার ঘোষের মত বিরাট বিরাট আদর্শ পোষণ করেন। তাঁরা সবাই এক একটি ধাবমান জ্যোতিষ্ক! বুঝলেন মিস্টার মুখার্জী—আমি যখন—আমি যখন—আমি যখন—

[সুসজ্জিতা চুমকি ঘরে ঢোকে—ওদের ছাখে এবং মিষ্টি হেসে বেরিয়ে যায়।]

উত্তমবাক। কী হলো রোমিওবাবু, আপনি যখন সেখানে ছিলেন ওখানে তখন কী দেখেছিলেন ?

লটকা। দাদা যখন লণ্ডনে ছিলেন—

জুলফি। তখন অনেক লেডিজ দেখেছেন।

লটকা। দাদা যখন টোকিওতে ছিলেন—

জুলফি। তখন অনেক ফিমেল দেখেছেন।

লটকা। দাদা যখন হলিউডে ছিলেন—

জুলফি। তখন অনেক উয়োম্যান দেখেছেন।

লটকা। আর দাদা যখন প্যারিসে ছিলেন—

জুলফি। শ্লা ডজন ডজন গার্লস্ দেখেছেন।

লটকা। লেকিন এ্যায়সা চীজ্ কভি নেহী দেখা।

জুলফি। এ একেবারে ডি. সি. কারেন্ট মাইরি।

[আলো নেভে]

এই দৃশ্যে মাঝখানের bench সরে যাবে, Table আর chair ঢুকে থাকবে।

গোরুরগাড়ির হেডলাইট

● দ্বিতীয় দৃশ্য ●

[স্বাবলম্বীর ঘর]

[স্বাবলম্বী কাগজ পড়ছে—চুমকি বাইরে যেতে গেলে নজরে আসে।]

স্বাবলম্বী। কি ব্যাপার শ্যালিকা, এতো সাজুগুজু করে চললে কোথায় ?

চুমকি। অভিসারে নিশ্চয় নয় ?

স্বাবলম্বী। বলা যায় না, বয়েসটা তো সুবিধের নয়।

চুমকি। ছ্যাখো জামাইবাবু, যা তা বোলোনা বলছি, সকালবেলাতে ঝগড়া করলে খুব ভাল হবে বুঝি ?

স্বাবলম্বী। সুন্দরী মহিলা, কারও সঙ্গে ঝগড়া করছে সেটা একটা করুণ, না দারুণ ব্যাপার—হোক্ না একপশলা।

চুমকি। কি করবো বলো—তুমি দিদির লিগ্যাল হাজব্যাণ্ড, নইলে, একপশলা নয় একদম ক্যাটস্ এ্যাণ্ড ডগস্ হয়ে যেতো।

স্বাবলম্বী। ও, তাহলে যেহেতু আমি তোমার দিদির লিগ্যাল ভ্যাগাবণ্ড. আঃ হাজব্যাণ্ড তাই আমার সঙ্গে ঝগড়াতেও আপত্তি !

চুমকি। আজ্ঞে হ্যাঁ মশাই। আমি এখন চললাম।

স্বাবলম্বী। আহা—না হয় যাবেই, এত তাড়া কিসের? প্রফেসার, না, ছাত্র—কে তোমার জন্যে চাতকপক্ষী—জানতে পারলে ভালো হতো।

চুমকি। কেউ নয় কিছু নয়—যা করছি রিসার্চের জন্যে।

স্বাবলম্বী। ও, তুমি তো আবার কিসব রিসার্চ—তা বিষয়টা যেন কী?

চুমকি। আধুনিক নারী ও পুরুষের ভালো লাগা ভালোবাসা এবং প্রেমের মনস্তাত্বিক পরিচর্যা।

স্বাবলম্বী। আধুনিক নারী ও পুরুষের—ঐ আর কি—তা ঐ সবের জন্যে প্র্যাক্‌টিক্যাল্ এক্‌সেপ্‌সন, কন্‌সেপ্‌সন্ নিশ্চয় দরকার—নইলে, কোথায় যাবে শ্রম, কোথায় যাবে উন্নতি, কোথায় থাকবে রিসার্চ—সাচ্ এ্যণ্ড সাচ্।

চুমকি। তুমি যখন এতদূর জানো—তাহলে কথাটা বলেই ফেলি।

স্বাবলম্বী। সেটা কি নতুন কিছু?

চুমকি। হয়তো নতুন।

স্বাবলম্বী। ভনিতা না করে বলে ফেলো।

চুমকি। আমার অভিনয় তোমার কেমন লাগে—বেশ চিন্তা করে বলবে।

স্বাবলম্বী। তোমার কটাই বা নাটক দেখেছি, তবে যা দেখেছি খুব একটা খারাপ নয়।

চুমকি। নয় তো?...আচ্ছা, তুমি যেমন দিদিকে ভালোবাসতে—আমিও নিশ্চয় বাসতাম?

স্বাবলম্বী। হুঁ—তাতে কী হলো?

চুমকি। তাই বলছি—আমারও কিছু কর্তব্য আছে এবং তাতে তোমার অনুমতি দরকার।

স্বাবলম্বী। তাই নাকি! তোমার কর্তব্যের ধরণটা একটু শুনি।

চুমকি। তোমার দলে আমি এ্যাকটিং করবো।

স্বাবলম্বী। এ-ব্যাপারে আমার অবগতি, অনুমতি তুমি পাবে না।

চুমকি। তুমি তো পেপারে নায়িকা চেয়ে বিজ্ঞাপন দিয়েছ—ধর আমি একজন ক্যাণ্ডিডেট্—ইন্টারভিউ নিয়ে নাও।

স্বাবলম্বী। সব ব্যাপারে এত লুজ্ হয়ে যেওনা চুমকি—

চুমকি। তুমি রেগে যাচ্ছো!

স্বাবলম্বী। তোমার আর কিছু বলবার আছে?

চুমকি। সবই তো বাকি।...আসল উদ্দেশ্যটাই তো শোননি?

স্বাবলম্বী। ওসব উদ্দেশ্য-বিধেয় আমাকে শুনিয়ে লাভ নেই। এ্যাম্‌বিশন, পারমিশন তুমি পাবে না।

চুমকি। আমি একবার মাত্র ওদের, মানে, তোমার নতুন অতিথিদের দেখে এসেছি।

স্বাবলম্বী। ও, কাজ শুরু করে দিয়েছ? ভালো।

চুমকি। জানি, তোমার ভালো লাগবেই। আমি ওদের সঙ্গে অভিনয় করবো, আলাপ করবো—

স্বাবলম্বী। কলাপ মেলবো—

চুমকি। সে তুমি যাই বলো।—কার কাছে কী রকম ফল পাওয়া যায় নোট্ করে যাবো। মেলামেশাটা হবে নেহাতই তেল-জলের মত।